

## জাত পরিচিতি

ব্রি ধান৮১ বোরো মৌসুমের জাত। ব্রি ধান৮১ এর কৌলিকসারি BR7358-5-3-2-1-HR2 (Com)। ইরান থেকে সংগৃহীত জাত Amol-3 এর সাথে ব্রি ধান২৮ এর সংকরায়ণ করে বংশানুক্রম সিলেকশন (Predegree) এবং পরবর্তীতে শীষ থেকে সারি পদ্ধতির মাধ্যমে এ জাতটি উদ্ভাবন করা হয়। দেশের বিভিন্ন অঞ্চলে ফলন পরীক্ষায় সন্তোষজনক ফলাফল পাওয়ায় কৃষকের মাঠে বোরো মৌসুমে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ড কর্তৃক ২০১৭ সালে জাতটি ছাড়করণ করা হয়।



ব্রি ধান৮১

## জাতের বৈশিষ্ট

- ▶ ব্রি ধান৮১ এ আধুনিক উফশী ধানের সকল বৈশিষ্ট্য বিদ্যমান।
- ▶ অঙ্গজ অবস্থায় গাছের আকার ও আকৃতি প্রায় ব্রি ধান২৮ এর মত তবে পাতা একটু মোটা।
- ▶ গাছের কাণ্ড ব্রি ধান২৮ এর চেয়ে শক্ত। এ জাতের ডিগ পাতা সামান্য হেলানো।
- ▶ ধানের রং খড়ের মত, ধানের আকৃতি লম্বা ও চিকন এবং অগ্রভাগ সামান্য বাঁকানো।
- ▶ পূর্ণ বয়স্ক গাছের উচ্চতা ১০০ সে:মি:।
- ▶ ১০০০ টি পুষ্ট ধানের ওজন প্রায় ২০.৩ গ্রাম।
- ▶ চালে অ্যামাইলোজের পরিমাণ ২৬.৫%।
- ▶ চালে প্রোটিনের পরিমাণ ১০.৩%।

## এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

উচ্চ প্রোটিন সমৃদ্ধ এ জাতটি সুগন্ধ ব্যতীত প্রিমিয়াম কোয়ালিটি ধানের সকল বৈশিষ্ট্য বিদ্যমান। চালের আকার আকৃতি বাসমতির মত লম্বা ও চিকন থাকায় বিদেশে রপ্তানীযোগ্য। জাতটি দেশীয় বাজারে জিরা ধানের বিকল্প হিসাবে গ্রহণযোগ্যতা পাবে।

## জীবনকাল

জাতটির জীবন কাল ১৪০-১৪৫ দিন।

## ফলন

হেক্টরে ৬.০-৬.৫ টন। উপযুক্ত পরিচর্যা ও অনুকূল পরিবেশে সর্বোচ্চ ৮.০ টন/হেক্টর ফলন দিতে সক্ষম।

## চাষাবাদ পদ্ধতি

১. বীজ বপনের সময় : বীজ বপনের উপযুক্ত সময় ১ - ১৫ অগ্রহায়ণ (১৫ - ৩০ নভেম্বর)।
২. চারার বয়স ও সংখ্যা : ৩৫-৪০ দিনের চারা প্রতি গুঁছিতে ৩টি।
৩. রোপন দূরত্ব : ২৫×১৫ সেমি
৪. চাষের উপযুক্ত জমি : মাঝারি উঁচু থেকে উঁচু জমি এ ধান চাষের জন্য উপযুক্ত। তবে ধানের উচ্চতা খাটো বিধায় নীচু জমিতেও চাষ করা যেতে পারে।

## ৫. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা) :

৫.১ ইউরিয়া টিএসপি এমপি জিপসাম দস্তা  
৩০ ১৩ ২০ ১৫ ১.৫

৫.২ সর্বশেষ জমি চাষের সময় সবটুকু টিএসপি, অর্ধেক এমপি, জিপসাম এবং জিংক সালফেট প্রয়োগ করা উচিত। ইউরিয়া সার তিন কিস্তিতে যথা রোপনের ১০-১৫ দিন পর ১ম কিস্তিতে ৫০%, ২৫-৩০ দিন পর ২য় কিস্তিতে ৩০% এবং ৪০-৪৫ দিন পর শেষ কিস্তিতে ২০% উপরি প্রয়োগ করতে হবে। এমওপি সারের বাকী অর্ধেক শেষ কিস্তি ইউরিয়ার সাথে প্রয়োগ করতে পারে।

৬. আগাছা দমন : চারা রোপনের পর অন্তত ৩৫-৪০ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।

৭. রোগ বালাই ও পোকামাকড় দমন : ব্রি ধান৮১ এ রোগবালাই ও পোকামাকড়ের আক্রমণ প্রচলিত জাতের চেয়ে অনেক কম হয়। তবে রোগবালাই ও পোকামাকড়ের আক্রমণ দেখা দিলে অনুমোদিত বালাই দমন ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।

৮. ফসল কাটা : ধান কাটার উপযুক্ত সময় হলো ২৫ চৈত্র - ৫ বৈশাখ (৮-১৮ এপ্রিল)।

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইল: dr@bri.gov.bd

অধিবেশন ২ : মডিউল ২  
ফ্যাঙ্ক শীট